

২০২৩

বাংলা

[অনার্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেষ্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

(জেনেরিক ইলেকটিভ)

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ):

গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) ‘লিপিমালা’ গ্রন্থটি কার রচনা? গ্রন্থটির প্রকাশসাল কত?
- খ) মৃত্যুজ্ঞয় বিদ্যালক্ষার কে ছিলেন? তাঁর দুটি গ্রন্থের নাম লেখো।
- গ) প্রথম চৌধুরীর ছন্দনাম কী? তিনি বাংলা গদ্যে কোন রীতির প্রবর্তক হিসাবে প্রসিদ্ধ?
- ঘ) ‘এখন আর খাঁটি বাঙালি কবি জন্মে না— জন্মিবার যো নাই—  
জন্মিয়া কাজ নাই।’  
— কে কার সম্পর্কে একুশ মন্তব্য করেছেন?

(পরের পাতায়)

- ঙ) ‘সকলেই কবি নয়। কেউ কেউ কবি।’  
— এই বিশিষ্ট উক্তিটি কোন্ কবির? তিনি কোন্ গ্রন্থে এরপ  
মন্তব্য করেছেন?
- চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দুটি উপন্যাসের নাম প্রকাশসাল  
সহ লেখো।
- ছ) নিখিলেশ ও বিমলা চরিত্র দুটি কোন্ উপন্যাসের? উপন্যাসিকের  
নাম লেখো।
- জ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পটির নাম লেখো। এই  
গল্পটির কথক চরিত্রটির নাম লেখো।
- ঝ) ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার সম্পাদকের নাম কী? কত খ্রিষ্টাব্দে  
এই পত্রিকা প্রথম দৈনিকে পরিণত হয়?
- ঞ) ‘দিগন্দর্শন’ পত্রিকাটির সম্পাদক কে ছিলেন? কোথা থেকে  
পত্রিকাটি প্রকাশিত হয়েছিল?
- ট) গিরিশচন্দ্র ঘোষের দুটি নাটকের নাম লেখো।
- ঠ) সাধুভাষার একটি বৈশিষ্ট্য লেখো।
- ড) বাংলা ভাষার প্রধান উপভাষা কয়টি? কী কী?
- ঢ) মৌলিক শব্দ বলতে কী বোঝায়? মৌলিক শব্দ কত প্রকার?
- ণ) ধ্বনিলোপ কাকে বলে? একটি উদাহরণ সহ লেখো।
- ২। ‘ক’ বিভাগ থেকে যে-কোনো তিনটি এবং ‘খ’ বিভাগ থেকে যে-কোনো  
একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

### ‘ক’-বিভাগ

- ক) বাংলা কাব্যে মধুসূদন দত্তের নতুন দৃষ্টিভঙ্গী ‘মেঘনাদবধ  
কাব্য’টির আলোকে সংক্ষেপে লেখো।

- খ) বাংলা সংবাদপত্রের জগতে 'সমাচার দর্পণে'র ভূমিকাটি লেখো।
- গ) 'নীলদর্পণ' নাটক অবলম্বনে দীনবন্ধু মিশ্রের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :
- অ) রামমোহন রায়
  - আ) হাঁসুলী বাঁকের উপকথা
  - ই) ঘরে-বাইরে
  - ঈ) সঞ্চিতা

### ‘খ’ - বিভাগ

ঙ) সাধু ও চলিত ভাষার পার্থক্যগুলি লেখো।

চ) টীকা লেখো (যে কোনো দুটি) :

- অ) অপিনিহিতি
- আ) ধ্বনির আগম
- ই) প্রাচীন বাংলার ছন্দোরীতিগত বৈশিষ্ট্য
- ঈ) বণবিপর্যয়

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

$10 \times 2 = 20$

- ক) বাংলা কাব্যসাহিত্যে কবি জীবনানন্দ দাশের ভূমিকা সংক্ষেপে লেখো।
- খ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- গ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান নিজের ভাষায় লেখো।
- ঘ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত বিভিন্ন শব্দের পরিচয় দাও।
-